

সারাদেশ

বগুড়ায় ক্লাস চলাকালে মাদ্রাসার ওপর গাছ, রক্ষা পেল শিক্ষার্থীরা



প্রতিবেদক: স্টাফ রিপোর্টার

প্রকাশের তারিখ: শুক্রবার, ০৯ অক্টোবর ২০২৬, ১২:৩৩ PM



বগুড়ার সদর উপজেলার ভবানীগঞ্জ বাড়-বৃষ্টির মধ্যে ক্লাস চলাকালে একটি বড় গাছ ভেঙে মাদ্রাসার টিনশেড ভবনের ওপর পড়েছে। এতে ভবনের একটি অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে এ ঘটনায় কোনো শিক্ষার্থী আহত হয়নি। দ্রুত শিক্ষার্থীদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়।

বৃহস্পতিবার (৮ অক্টোবর) দুপুরে লাহিড়ীপাড়া ইউনিয়নের ভবানীগঞ্জ দারুল উলুম নূরানী হাফেজিয়া মাদ্রাসা ও লিল্লাহ বোর্ডিংয়ে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, দুপুরে হঠাৎ বাড়-বৃষ্টি শুরু হয়। এ সময় মাদ্রাসার পেছনে থাকা একটি বড় গাছ ভেঙে টিনশেড ভবনের ওপর পড়ে। এতে ভবনের ছাদ ও কাঠামোর কিছু অংশ ক্ষতিগ্রস্ত হয়। তখন মাদ্রাসায় ক্লাস চলছিল।

গাছ পড়ে ভবন ক্ষতিগ্রস্ত হওয়ার পর শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। খবর পেয়ে লাহিড়ীপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান

ইঞ্জিনিয়ার আবু নাসের আপেল মাহমুদ ঘটনাস্থলে যান। পরে গ্রাম পুলিশ ও স্থানীয় বাসিন্দাদের সহযোগিতায় শিক্ষার্থীদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়।

ইউপি চেয়ারম্যান ইঞ্জিনিয়ার আপেল মাহমুদ বলেন, খবর পাওয়ার পর তিনি দ্রুত ঘটনাস্থলে পৌঁছান। পরে স্থানীয়দের সহযোগিতায় শিক্ষার্থীদের নিরাপদে সরিয়ে নেওয়া হয়। এ ঘটনায় কোনো শিক্ষার্থী আহত হয়নি।

খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেন বগুড়া জেলা বিএনপির সহসভাপতি ও সদর উপজেলা বিএনপির সভাপতি মাফতুন আহমেদ খান রুবেল। তিনি ক্ষতিগ্রস্ত ভবন ঘুরে দেখেন এবং শিক্ষক-শিক্ষার্থীদের খোঁজখবর নেন।

পরিদর্শনকালে মাফতুন আহমেদ খান রুবেল বলেন, ক্ষতিগ্রস্ত মাদ্রাসা ভবন সংস্কার ও মেরামতের বিষয়ে সহযোগিতার উদ্যোগ নেওয়া হবে।

মাদ্রাসা কর্তৃপক্ষের দাবি, গাছ পড়ে দুটি টিনশেড কক্ষ ও ভেতরে থাকা দুটি মোটরসাইকেল ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে কয়েক লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। তবে ক্ষয়ক্ষতির সুনির্দিষ্ট পরিমাণ এখনো সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে যাচাই করা হয়নি।

স্থানীয় বাসিন্দাদের কেউ কেউ ক্ষতিগ্রস্ত ভবনটি দ্রুত পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন। তবে এ বিষয়ে সংশ্লিষ্ট প্রশাসনের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো সিদ্ধান্তের তথ্য পাওয়া যায়নি।

ঘটনার পর ক্ষতিগ্রস্ত ভবনটি ব্যবহারের উপযোগিতা যাচাই করে পরবর্তী ব্যবস্থা নেওয়ার প্রয়োজনীয়তার কথা জানিয়েছেন সংশ্লিষ্টরা।

এ বিভাগের আরও খবর



ব্রাহ্মণবাড়িয়ায় অসহায় মানুষের জন্য ছানী রোগী বাছাই ক্যাম্প
ভাচ বাংলা ব্যাংক এর অর্থায়নে ও স্বাধীন বাংলা চক্ষু হাসপাতালের সার্বিক ব্যবস্থাপনায় অক্সাইল - পাকিস্তান ইউনিয়ন সংঘ এর উদ্যোগে একদিনের জন্য ছানী...

জনগণের আস্থা, উন্নয়নের প্রত্যাশা

আসন্ন
ইউনিয়ন পরিষদ
নির্বাচনে
৭নং লক্ষণশ্রী
ইউনিয়নে



লক্ষণশ্রী ইউপির চেয়ারম্যান পদে প্রার্থী হতে চান মুফতি ত্বাহা

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন সামনে রেখে সুনামগঞ্জ সদর উপজেলার ৭ নম্বর লক্ষণশ্রী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে সন্ধ্যায় প্রার্থী হিসেবে আলোচনা...



কুমিল্লায় স্কুলছাত্রীকে ধর্ষণের পর হত্যার অভিযোগ, চালক গ্রেপ্তার

কুমিল্লা নগরীর রেসকোর্স এলাকার সন্তম শ্রেণির শিক্ষার্থী জাম্মাতুল তাজমিনকে সিএনজিচালিত অটোরিকশায় তুলে নির্জন স্থানে নিয়ে ধর্ষণের পর শ্বাসরোধ...



ব্রাহ্মণবাড়িয়ায় পুলিশের পিকআপ ভ্যান খাদে পড়ে আসামিসহ আহত ৫

ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগরে নিয়ন্ত্রণ হারিয়ে পুলিশের একটি পিকআপ ভ্যান খাদে পড়ে তিন পুলিশ সদস্য ও দুই আসামিসহ পাঁচজন আহত হয়েছেন। গতকবার (৯ অক্টোবর)...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/bguray-klas-chlakale-madrasar-opr-gachh-rksha-pel-shiksharthira>